

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-১৬৫

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৫
১০ জুলাই ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-২১৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি উক্ত বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় ২৫/১০/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) (বর্তমানে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক))-তে উল্লিখিত “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন এবং মামলা সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর ২১ জুন ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.১১১.৩৪.০০১. ২০১৮-১৯৮ নং স্মারকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে অর্থাৎ “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড আরোপে একমত পোষণ করে মতামত প্রদান করেছেন;

সেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) [বর্তমানে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক)] মোতাবেক আদেশ জারির তারিখ হতে “নিম্নপদে অবনমিতকরণ” অর্থাৎ উপজেলা শিক্ষা অফিসার (বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০/- টাকা) পদ হতে নিম্নপদে সহকারী উপজেলা/সহকারী থানা শিক্ষা অফিসার (বেতন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা) পদে নামিয়ে দেয়ার গুরুদণ্ড আরোপ করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

১০.০৭.২০১৮

(মোহাম্মদ আসিফ-উজ্জ-জামান)

সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-১৬৫

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৫
১০ জুলাই ২০১৮

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, ঠেঙ্গগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৪। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৯। জনাব মোঃ এরশাদুল হক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ১০। অফিস কপি।


২০.০৭.১৮

(সুলতানা রাজিয়া)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৬৯১